গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয় : ‘‘সিরাজগঞ্জ জেলায় যমুনা নদী হতে পুনরুদ্ধারকৃত ভূমির উন্নয়ন এবং প্রস্তাবিত অর্থনৈতিক অঞ্চল রক্ষা’’ শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি	মাহমুদুল ইসলাম অতিরিক্ত সচিব (সচিবের দায়িত্বে)।
সভার তারিখ	২৫/০৯/২০১৯।
সভার সময়	৩:০০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট ক।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতে সভাপতি প্রকল্পের সার্বিক বিষয় উপস্থাপনের অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপ-সচিব, উন্নয়ন শাখা-৩, পাসম সভাকে জানান ৫০৯৯৪.০০ লক্ষ টাকা ব্যয় সম্বলিত এ প্রকল্পটি চলতি ২০১৯-২০২০ অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে। সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি ৩২.৬৮% এবং আর্থিক অগ্রগতি ১৮.১৩%।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত

১	সভাপতির অনুমতিক্রমে বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক নিয়োজিত প্রকল্প পরিচালক, জনাব নুর-ই-আলম মোহাম্মদ জুবায়ের সারোয়ার প্রকল্পের বর্তমান অবস্থা ও প্রকল্প বাস্তবায়নে সমস্যা ও করণীয় সভায় উপস্থাপন করেন। তিনি জানান প্রকল্পের ডিপিপিতে ভূমির উন্নয়নে RL ছিল ১৪.০০ মি: এতে মাটির পরিমাণ ছিল ১৫০.২৫ লক্ষ ঘনমিটার। বাপাউবো, টাস্কফোর্স এবং IWM এর সার্ভে জরীপের মাধ্যমে উক্ত RL এ মাটির প্রয়োজন ১৯৮.৮৪ লক্ষ ঘনমিটার যা আরডিপিপিতে সংস্থান রাখা প্রয়োজন। তিনি ভূমির উন্নয়ন ১৪.০০ মি: এর স্থলে ১৬.০০ মিটার RL নির্ধারণ করার বিষয়ে সভায় প্রস্তাব করেন। তিনি আরও জানান, উক্ত প্রকল্পে ক্ষতিগ্রস্ত জমির মালিকদের বেজা অথবা বিসিক এর মাধ্যমে ক্ষতিপূরণ প্রদান করতে হবে। তাছাড়া প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে অতিসত্তর ডিপিপি সংশোধন করা প্রয়োজন হবে। সভায় আলোচনায় অংশ নিয়ে বাপাউবোর প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী, সিরাজগঞ্জ পওর বিভাগ জানান যে, সিরাজগঞ্জ শহর ও প্রকল্পের আশেপাশে গড় RL ১৩.৫০ মি: হতে ১৪.০০ মি:। যেহেতু প্রকল্পের প্রধান অঙ্গ ৩.২০ কিঃ মিঃ বাঁধ-কাম নদীতীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন করা হবে। সুতরাং ১৪.০০ মি: RL নির্ধারিত রেখে ভূমির উন্নয়ন পূর্বক পর্যাপ্ত ড্রেনেজ এর ব্যবস্থা রাখলে প্রকল্প বাস্তবায়নের উদ্দেশ্য সফল হবে। প্রকল্পের অভ্যন্তরে Drainage Facility বাড়ানোর জন্য ক্রসবার-৪ এর সাথে আরও ১টি ব্রীজ-কাম আউটলেট নির্মাণ করা প্রয়োজন। যা আরডিপিপিতে অন্তর্ভূক্ত করতে হবে। মহাপরিচালক, বাপাউবো জানান যে, ডিপিপিতে ভূমির উন্নয়নের জন্য RL ১৪.০০ মি: (পিডব্লিউডি) নির্ধারিত ছিল। বাংলাদেশ সেনাবাহিনী উক্ত RL অনুযায়ী ভূমি উন্নয়ন করবে। এর পরেও ভূমি উন্নয়নের জন্য প্রয়োজন হলে বেজা/বিসিক কর্তৃক প্রয়োজন অনুযায়ী ভূমির উন্নয়ন করতে পারে। সভাপতি মহোদয় প্রকল্পের সকল কার্যক্রম প্রকল্প মেয়াদের মধ্যে সম্পন্ন করার জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	(ক) প্রকল্পটির Delegated Method পদ্ধতিতে বাস্তবায়নের জন্য বাংলাদেশ সেনাবাহিনীর ব্যয় নির্বাহের জন্য প্রকল্পটি সংশোধন করা যেতে পারে। (খ) পুনরুদ্ধারকৃত ভূমির উন্নয়ন ১৪.০০ মিটার (পিডব্লিউডি) আর এল এ উন্নীত করতে অতিরিক্ত মাটি আরডিপিপিতে অন্তর্ভূক্ত করতে হবে। (গ) প্রকল্পের অভ্যন্তরে Drainage Facility বাড়ানোর জন্য ক্রসবার-৪ এর সাথে আরও ১টি ব্রীজ-কাম আউটলেট নির্মাণের ব্যাপারে সিদ্ধান্ত হয়। (ঘ) প্রকল্পটি ২০১৯-২০২০ অর্থ বছরে সমাপ্ত করার লক্ষ্যে প্রকল্পের অনুকূলে পর্যাপ্ত অর্থ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঙ) ১৫-১০-২০১৯ তারিখের মধ্যে প্রকল্পের আরডিপিপি মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। (চ) নিয়মিতভাবে পিআইসি ও পিএসসি সভা করতে হবে এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মাহমুদুল ইসলাম
অতিরিক্ত সচিব (সচিবের দায়িত্বে)।

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০০৭.১৮.৪৩৭

তারিখ: ৭ কার্তিক ১৪২৬
২৩ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: পরিচালক, আইএমইডি)।
২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ({দৃ: আ: মিলিয়া শারমিন, উপসচিব)}।
৩) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: উপপ্রধান, পরিকল্পনা বিভাগ)।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: সিনিয়র সহকারী প্রধান, কার্যক্রম

বিভাগ)।

৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সেচ উইং)।

৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সাধারণ অর্থনীতি)।

৭) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

৯) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১০) যুগ্মপ্রধান, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

১১) উপপ্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১২) প্রধান পরিকল্পনা, প্রধান পরিকল্পনা, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

১৩) প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল,, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সপুরা, রাজশাহী।

১৪) প্রকল্প পরিচালক (সেনাবাহিনী কর্তৃক নিয়োজিত), ২৫ ইসিবি, মিরপুর আর্মি ক্যাম্প, ঢাকা।

১৫) নির্বাহী প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "সিরাজগঞ্জ জেলায় যমুনা নদী হতে পুনরুদ্ধারকৃত ভূমির উন্নয়ন এবং প্রস্তাবিত অর্থনৈতিক অঞ্চল রক্ষা" শীর্ষক প্রকল্প, সিরাজগঞ্জ পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সিরাজগঞ্জ।

১৬) একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়

১৭) সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-৩ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

১৮) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

১৯) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়

এ এইচ এম আনোয়ার পাশা
উপসচিব